রাষ্ট্রপতি প্রার্থী চূড়ান্ত করতে স্থায়ী কমিটির বৈঠক ডেকেছেন তারেক রহমান



ছবি: সংগৃহীত

বিএনপির স্থায়ী কমিটির বৈঠক ডেকেছেন দলের চেয়ারম্যান ও প্রধানমন্ত্রী তারেক রহমান। আগামী বৃহস্পতিবার (১২ আগস্ট) দুপুর ১২টায় অনুষ্ঠেয় এ বৈঠকে দলীয়ভাবে রাষ্ট্রপতি নির্বাচনের প্রার্থী চূড়ান্ত করা হবে। এরপর বিএনপির পক্ষ থেকে মনোনয়নপত্র জমা দেওয়া হবে।

রাষ্ট্রপতি নির্বাচনের জন্য ইতোমধ্যে বিএনপির পক্ষ থেকে দুটি মনোনয়নপত্র সংগ্রহ করা হয়েছে। তবে কোন প্রার্থীকে দলীয় সমর্থন দেওয়া হবে, সে সিদ্ধান্ত স্থায়ী কমিটির বৈঠকেই চূড়ান্ত হওয়ার কথা রয়েছে।

আগামী ১৩ আগস্ট রাষ্ট্রপতি নির্বাচনের মনোনয়নপত্র জমা দেওয়ার শেষ দিন। নির্বাচন কমিশনের ঘোষিত তফসিল অনুযায়ী, ওইদিন বিকেল ৪টা পর্যন্ত প্রার্থীদের মনোনয়নপত্র জমা দেওয়ার সুযোগ রয়েছে।

বুধবার রাতে বিষয়টি জানতে বিএনপির মিডিয়া সেলের সদস্য শায়রুল কবির খানের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি বলেন, বৈঠকে সিদ্ধান্ত হওয়ার পর এ বিষয়ে জানানো হবে।

নির্বাচন কমিশনের তফসিল অনুযায়ী, আগামী ২০ আগস্ট জাতীয় সংসদ ভবনের অধিবেশন কক্ষে রাষ্ট্রপতি নির্বাচন অনুষ্ঠিত হবে। একাধিক প্রার্থী থাকলে সংসদ সদস্যদের ভোটে রাষ্ট্রপতি নির্বাচিত হবেন।

বৈঠকের মাধ্যমে রাষ্ট্রপতি নির্বাচনে বিএনপির অবস্থান ও মনোনীত প্রার্থীর নাম আনুষ্ঠানিকভাবে চূড়ান্ত হওয়ার কথা রয়েছে।